# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**07-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১/ দেশজুড়ে আজ অপারেশন সিঁদুরের প্রথম বার্ষিকী উদযাপিত হচ্ছে।

# রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং প্রতিরক্ষামন্ত্রী এই উপলক্ষ্যে সশস্ত্রবাহিনীর সাহসিকতার প্রশংসা করে তাদের অভিবাদন জানিয়েছেন।

২/ পশ্চিমবঙ্গের বর্তমান সরকারের মেয়াদ আজ শেষ হচ্ছে ।

# ২৫'শে বৈশাখ, শনিবার রবীন্দ্র জয়ন্তীতে কলকাতায় নব নির্বাচিত বিজেপি সরকার শপথ গ্রহণ করবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী সহ বিজেপি শাসিত একাধিক রাজ্যের মুখ্যমন্ত্রী উপস্থিত থাকবেন।

৩/ তামিলনাড়ু ও কেরালায় সরকার গঠনের প্রক্রিয়া চলছে।

৪/ বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী আজ তাঁর মন্ত্রিসভার সম্প্রসারণ করেছেন ।

৫/ ভিয়েতনামের প্রেসিডেন্ট তো লাম ভারত সফরের তৃতীয় দিনে আজ মুম্বাই সফর করছেন।

৬/IPL ক্রিকেটে আজ লক্ষনৌ সুপার জায়ান্টস, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে।

oooooooooooooooo

সারা দেশজুড়ে আজ অপারেশন সিঁদুরের প্রথম বার্ষিকী উদযাপিত হচ্ছে। গত বছর ৭ই মে অর্থাৎ আজকের দিনে ভারত, পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরে ৯ টি সন্ত্রাসবাদী ঘাঁটির ওপর সামরিক অভিযান শুরু করে। এই অভিযানে পাক মদতপুষ্ট ১০০ জন সন্ত্রাসবাদী নিহত হয়।

২০২৫ এর ২২শে এপ্রিল, কাশ্মীরের পাহেলগাঁওয়ে সন্ত্রাসবাদীদের আচমকা হামলায় নিরীহ পর্যটকদের মৃত্যু হয়।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই উপলক্ষ্যে এক বার্তায় বলেছেন, সন্ত্রাসবাদ ও ভারতের সার্বভৌমত্ব এবং নাগরিকদের নিরাপত্তা বিঘ্নিতকারী শক্তির বিরুদ্ধে ভারতের সুদৃঢ় অবস্থান অপারেশন সিঁদুরের মাধ্যমে প্রতিফলিত হয়েছে। তিনি এই উপলক্ষ্যে সেনাবাহিনীকে অভিনন্দন জানিয়ে বলেছেন, তারা অসাধারণ সাহস ও দৃঢ়তা দেখিয়ে সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে সাফল্য পেয়েছে। তিনি বলেন, সশস্ত্রবাহিনীকে আজকের দিনে সমগ্র দেশ অভিবাদন জানাচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এই উপলক্ষ্যে এক সোশ্যাল মিডিয়া পোস্টে, সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের কঠোর অবস্থানের কথা জানিয়েছেন। শ্রী মোদী বলেছেন, অপারেশন সিঁদুরে ভারতের সেনাবাহিনীর অতুলনীয় সাহস এবং দক্ষতা দেখা গেছে। পাহেলগাঁওয়ে নিরীহ ভারতীয় নাগরিকদের হত্যার বিরুদ্ধে সেনাবাহিনী সন্ত্রাসবাদীদের উপযুক্ত জবাব দিয়েছিল। সমগ্র জাতি আজ সশস্ত্রবাহিনীকে তাদের সাহস ও শৌর্যের জন্য কুর্নিশ জানাচ্ছে।

( বাইট – প্রধানমন্ত্রী)

*oooooooooooooooooo*

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং অপারেশন সিন্দুরের প্রথম বর্ষপূর্তিতে ভারতীয় সেনাবাহিনীর শৌর্য ও আত্ম বলিদানের শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজ মাধ্যমে বার্তায় মন্ত্রী বলেন, সেনাদের নিষ্ঠা ও বীরত্ব দেশের সুরক্ষাকে সুনিশ্চিত করে চলেছে। অপারেশন সিন্দুর ভারতের সংকল্প ও সামরিক প্রস্তুতির প্রতীক। তিনি আরও বলেন, অপারেশন সিন্দুর প্রমাণ করেছে, ভারতীয় সেনা সমস্ত রকম প্রতিকূলতার মোকাবিলা করার জন্য প্রস্তুত। এই সেনা অভিযান ভারতের আত্ম নির্ভরতার পথে এগিয়ে যাওয়ার অন্যতম নিদর্শন বলেও মত ব্যক্ত করেন প্রতিরক্ষা মন্ত্রী।

*oooooooooooooooooo*

পশ্চিমবঙ্গ বর্তমান বিধানসভার মেয়াদ, আজ শেষ হচ্ছে। ২৫ শে বৈশাখ, শনিবার রবীন্দ্র জয়ন্তীতে রাজ্যে নব নির্বাচিত বিজেপি সরকার শপথ গ্রহণ করবে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল শপথগ্রহণ অনুষ্ঠান এবং ভোট পরবর্তী হিংসা রুখতে

নবান্নে মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা, স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ সহ প্রশাসনিক কর্তাদের সঙ্গে বৈঠক করেন। সঙ্গে ছিলেন বিজেপির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক, রাজ্যের দলের পর্যবেক্ষক সুনীল বনসল, দলের নেতা সৌমিত্র খাঁ, জ্যোতির্ময় সিং মাহাতো প্রমুখ। পরে এক সাংবাদিক বৈঠকে শমীক ভট্টাচার্য্য জানান, আগামীকাল নবনির্বাচিত বিধায়কদের নিয়ে বৈঠকে পরিষদীয় দলের নেতা নির্বাচন করা হবে। পরদিন ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সকাল ১০'টায় আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ বিজেপি শাসিত একাধিক রাজ্যের মুখ্যমন্ত্রী উপস্থিত থাকতে পারেন। মমতা ব্যানার্জি মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা না দিলে সাংবিধানিক নিয়ম মেনেই শপথগ্রহন অনুষ্ঠান হবে বলে তিনি জানান।

এদিকে, শপথ গ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করছে পুলিশ। প্রায় ৪' হাজার পুলিশকর্মী ওই দিন মোতায়েন থাকবেন। থাকবে কেন্দ্রীয় বাহিনী এবং 'কুইক রেসপন্স টিম'ও। এলাকার বিভিন্ন বহুতল থেকেও নজরদারি চালানো হবে।

oooooooooooooooooooo

চেন্নাইয়ে রাজভবনে রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকারের সঙ্গে গতকাল সাক্ষাৎ করেছেন তামিলগা ভেট্রি কাজাগাম অর্থাৎ TVK প্রধান সি. জোসেফ বিজয়। বিধানসভা নির্বাচনে ১০৮টি আসনে জয়লাভ করার পর, গতকাল দলের প্রবীণ নেতা কে.এ. সেঙ্গোত্তাইয়ান, এন. আনন্দ এবং আদভ অর্জুনা সহ অন্যান্য প্রতিনিধিদের নিয়ে তিনি সরকার গঠনের দাবি পেশ করেন। উল্লেখ্য, বিজয় দুটি আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করে জয়ী হওয়ায় নিয়ম অনুযায়ী তাঁকে একটি আসন থেকে ইস্তফা দিতে হবে। তামিলনাড়ুতে ডিএমকে প্রধান এম কে স্তালিন নব নির্বাচিত দলকে স্বাগত জানান। তিনি বলেন, নতুন সরকার গঠনে তাঁর দল কোনও রকম বাধা সৃষ্টি করবে না। এআইএডিএমকে (AIADMK)-র সঙ্গে তাঁর দল আলোচনার করছে বলে যে খবর প্রকাশ হয়েছে তা সম্পূর্ণ খারিজ করেছেন তিনি।

oooooooooooooooooooo

কেরালামে নব নির্বাচিত কংগ্রেস বিধায়করা আজ তিরুবনন্তপুরমে বৈঠক করবেন। সেখানে পরিষদীয় দলের নতুন নেতা নির্বাচিত হবে। এর পর তাঁরা রাজ্যপাল রাজেন্দ্র আর্লেকারের কাছে নতুন সরকার গঠনের দাবি জানাবেন। উল্লেখ্য, তিনি তামিলনাড়ুর অতিরিক্ত দায়িত্বে বর্তমানে চেন্নাইয়ে রয়েছেন। কংগ্রেসের নেতৃত্বে ইউডিএফ বিধানসভা ১৪০ টির মধ্যে ১০৪ টি আসনে জয়লাভ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী আজ তাঁর মন্ত্রিসভার সম্প্রসারণ করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং এনডিএ-র বেশ কয়েকজন বরিষ্ঠ নেতা এই শপথগ্রহণঅনুষ্ঠানে উপস্থিত রয়েছেন ।

পাটনার গান্ধী ময়দানে এই অনুষ্ঠানে JDU নেতা নিশান্ত কুমার সহ বিজেপির, JDU, LJP (R) এবং HAMS ও রাষ্ট্রীয় লোক মোর্চা থেকে ৩২ জন বিধায়ক মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন।

রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল সৈয়দ আতা হোসেন শপথ বাক্য পাঠা করান।

০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “নতুন সরকারের কাছে সাধারণ মানুষের প্রত্যাশা”। আগামী ৯ই মে শপথ গ্রহণ অনুষ্ঠান। নতুন সরকার গঠনের আগে সাধারণ মানুষ কি চাইছে তা জানতে চেষ্টা করেছে আমাদের প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০

ভিয়েতনামের প্রেসিডেন্ট তো লাম আজ তাঁর ভারত সফরের তৃতীয় দিনে মুম্বইয়ে জাতীয় স্টক এক্সচেঞ্জ পরিদর্শন করেছেন। তিনি সেখানে চিরাচরিত প্রথায় ঘন্টা বাজান। NSE-র ম্যানেজিং ডিরেক্টর আশীষ কুমার চৌহান এবং অন্যান্য শিল্পপতিরা তাকে স্বাগত জানান। পরে

প্রেসিডেন্ট লাম মহারাষ্টের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিসের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। একটি বাণিজ্যিক মঞ্চের সভাতেও তার ভাষণ দেওয়ার কথা রয়েছে। সন্ধ্যায় মুম্বাইয়ের রাজভবনে রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণন তার সম্মানে এক নৈশ ভোজের আয়োজন করবেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে গতকাল এক উচ্চপর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠক করেন তিনি। দুই দেশের রাষ্ট্র প্রধানদের এই বৈঠকে দ্বিপাক্ষিক বাণিজ্য, বিনিয়োগ এবং প্রযুক্তিগত অংশীদারিত্বকে এক নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার লক্ষ্যে একগুচ্ছ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। স্বাক্ষরিত হয়েছে ১৩ টি চুক্তি।

বৈঠক শেষে শ্রী মোদী বলেন, ২০৩০ সালের মধ্যে ভারত ও ভিয়েতনামের মধ্যে নতুন বাণিজ্য চুক্তি ২৫ বিলিয়ন ডলারে পৌঁছাবে। দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে কথা হয় তাঁদের।

oooooooooooooooooo

চীনের বিদেশমন্ত্রী ওয়াং ই সেদেশ সফররত বাংলাদেশের বিদেশমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে বেজিংয়ে মিলিত হয়েছেন। তাদের মধ্যে বাণিজ্য ও পরিকাঠামো ক্ষেত্রে সহযোগিতা বিষয়ে আলোচনা হয়েছে।

চীনা বিদেশমন্ত্রী ওয়াং ই জানিয়েছেন, তার দেশ বাংলদেশের জাতীয় উন্নয়ন কর্মসূচিতে 'বেল্ট এন্ড রোড' উদ্যোগের মাধ্যমে কাজ করতে প্রস্তুত রয়েছে। চীনের বিদেশদপ্তরের এক মুখপাত্র সোশ্যাল মিডিয়া পোস্টে জানিয়েছেন, চীন, বাংলাদেশের সঙ্গে সু-প্রতিবেশী ও অংশীদার হিসেবে কাজ করতে চায়।

সেদেশের ঐক্য, স্থিতিশীলতা এবং অর্থনৈতিক পুনরুজ্জীবনের কাজে তাদের সহায়তা করতে চায়।

ooooooooooooooooooo

বাংলাদেশে হামে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও সাত শিশুর মৃত্যু হয়েছে। দেশজুড়ে রোগনির্ণয় সরঞ্জামের ঘাটতি দেখা দেওয়ায় ব্যহত হচ্ছে রোগ পরীক্ষা ব্যবস্থা। গত ৫২ দিনে মৃতের সংখ্যা ৩২৪-এ পৌঁছেছে। গত ২৪ ঘণ্টায় দেশজুড়ে এক হাজারেরও বেশি শিশু জ্বর ও অন্যান্য উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। ৩৭৩টি নমুনা পরীক্ষা পজিটিভ এসেছে।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মন্ডভিয়া আজ চল্লিশোর্ধ শ্রমিকদের জন্য বার্ষিক স্বাস্থ্যপরীক্ষা কর্মসূচির সূচনা করেছেন।

আজ নতুনদিল্লিতে ESI মেডিকেল কলেজ হাসপাতালে এই কর্মসূচির সূচনা করে মন্ত্রী বলেন, বিগত ১২ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশের শ্রম এবং যুব শক্তির সম্মান বৃদ্ধি পেয়েছে। সরকার কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে নিরন্তর কাজ চালিয়ে যাচ্ছে। এর ফলেই দেশে বেকারির হার কমে ৩ দশমিক ২ শতাংশ হয়েছে।

(বাইট – মান্ডভিয়া)

oooooooooooooooooooo

**লখনউ এর একানা ক্রিকেট স্টেডিয়ামে আজ আইপিএল এর ম্যাচে লখনউ সুপার জায়ান্টস, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ৯ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে ব্যাঙ্গালুরু লিগ তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে। সমসংখ্যক ম্যাচে চার পয়েন্ট সংগ্রহ করে লখনউ দশ দলের পয়েন্ট তালিকায় সব শেষে রয়েছে।**

oooooooooooooooooooo

oooooooooooooooooooo